



রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত একটি বিশেষ ধরনের প্রতিষ্ঠান)

স্থাপিত : ১৯৯৪

ঠিকানা : সেক্টর-৬, উত্তরা মডেল
টাউন, ঢাকা-১২৩০

ফোন : ০২-৪৮৯৫৭১০১-৪

ওয়েব সাইট : www.rajukcollege.edu.bd

ই-মেইল : info@rajukcollege.edu.bd
contact@rajukcollege.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

১। এ কলেজে নিম্নলিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী খন্ডকালীন (Part-Time) ভিত্তিতে নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে :

পদ, বিষয় ও পদসংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স	বেতন
প্রভাষক (গণিত), পদ সংখ্যা-০৫ (বাংলা মাধ্যম-০১, ইংরেজি মাধ্যম-০৪)	সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার বছরের অনার্সসহ মাস্টার্স এবং ন্যূনতম ২টি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	সর্বোচ্চ ৩২ বছর (২৬/০১/২০২৬ তারিখে) শিক্ষকতায় নিয়োজিত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	সর্বসাকুল্যে টাঃ ২৫,০০০/-
প্রভাষক (বাংলা), পদ সংখ্যা-০১ (ইংরেজি মাধ্যম)			
প্রভাষক (ইসলাম শিক্ষা), পদ সংখ্যা-০২, (ইংরেজি মাধ্যম)			
প্রভাষক (পৌরনীতি ও সুশাসন), পদ সংখ্যা-০১, (ইংরেজি মাধ্যম)			

২। দরখাস্তে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, ধর্ম, জন্ম তারিখ, জাতীয়তা, ২৬/০১/২০২৬ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতার বিবরণ, অভিজ্ঞতা ও ফোন/সেলফোন নম্বর উল্লেখ থাকতে হবে।

৩। দরখাস্তের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, চারিত্রিক সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, অধ্যক্ষ, রাজউক উত্তরা মডেল কলেজ এর বরাবরে ৪০০/- (চারশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ আবেদনপত্র আগামী ২৬ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে অধ্যক্ষ, রাজউক উত্তরা মডেল কলেজ, সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ এই ঠিকানায় পৌঁছাতে হবে (আবেদন পত্রে মোবাইল নাম্বার এবং খামের উপরে পদের নাম লিখতে হবে)।

৪। আবেদনকারীর নামে আদালতে কোন মামলা নেই এ মর্মে স্থানীয় চেয়ারম্যান/পৌর মেয়র/কাউন্সিলরের নিকট হতে প্রত্যায়নপত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। প্রার্থীদের নম্রতা, ভদ্রতা ও কাজের প্রতি শ্রদ্ধাশীল এবং কর্তৃপক্ষের প্রতি আনুগত্য থাকতে হবে।

৫। সকল বিষয়ের লিখিত পরীক্ষা আগামী ২৮ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা ভাতা প্রদান করা হবে না।

৬। গণিত বিষয়ের মৌখিক পরীক্ষা আগামী ০২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০০০ ঘটিকায়, বাংলা বিষয়ের মৌখিক পরীক্ষা আগামী ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০০০ ঘটিকায় এবং ইসলাম শিক্ষা এবং পৌরনীতি ও সুশাসন বিষয়ের মৌখিক পরীক্ষা আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ সকাল ১০০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ বা ভাতা প্রদান করা হবে না।

৭। এটি সম্পূর্ণ অস্থায়ী খন্ডকালীন (Part-Time) নিয়োগ, যা ভবিষ্যতে স্থায়ী হওয়ার কোন সুযোগ নেই।

৮। কোন দরখাস্ত বাতিল করাসহ যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

তারিখ : ডিসেম্বর ২০২৫।

অধ্যক্ষ